# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে পারস্পরিক শুল্ক চুক্তি চূড়ান্ত করার লক্ষ্যে আলোচনা অব্যাহত রয়েছে। সর্বশেষ এই আলোচনায় ঢাকার পক্ষে নেতৃত্ব দেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান এবং যুক্তরাষ্ট্রের পক্ষে সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চ।

শনিবার প্রধান উপদেষ্টার প্রেস উইং এক বিজ্ঞপ্তিতে জানায়, গত বৃহস্পতিবার (২৭ জুন) অনুষ্ঠিত এই আলোচনা ফলপ্রসূ হয়েছে।

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান বলেন, “মার্কিন দলের সঙ্গে আলোচনায় আমরা খুব ভালো অগ্রগতি করেছি।উভয়পক্ষই দ্রুত চুক্তিটি চূড়ান্ত করার জন্য গুরুত্ব সহকারে প্রচেষ্টা চালাচ্ছে।”

বিশ্লেষকদের মতে, এই চুক্তি হলে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য সম্পর্ক আরও সুসংহত হবে এবং উভয় দেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে।

বাংলাদেশ, যুক্তরাষ্ট্র বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:50

URL: https://www.timestodaybd.com/national/3860870816